

আরবিআই শ্রী ভারতী কো-অপারেটিভ আরবান ব্যাঙ্ক লিমিটেড, হায়দ্রাবাদ-এর প্রতি জারিকৃত বিশেষ নিয়ন্ত্রণবিধির মেয়াদ বৃদ্ধি করল

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, শ্রী ভারতী কো-অপারেটিভ আরবান ব্যাঙ্ক লিমিটেড, হায়দ্রাবাদ-এর আর্থিক অবস্থার পর্যালোচনা করেছে এবং দৃষ্টব্য অগস্ট 24, 2016 তারিখাঙ্কিত আদেশবিধি অনুযায়ী পূর্বে জারিকৃত বিশেষ নিয়ন্ত্রণবিধির মেয়াদ বৃদ্ধি করা এবং পরিমার্জন করা, জনস্বার্থে জরুরি, বলে বিবেচনা করেছে। তদনুসারে, ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949-এর (সমবায় সমিতির ক্ষেত্রে যেকোনো প্রযোজ্য (এ এ সি সি)) ধারা 35A-র উপধারা (1)-এর অধীনে তার উপর ন্যস্ত ক্ষমতাবলে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক এতদ্বারা নির্দেশ দিচ্ছে যে শ্রী ভারতী কো-অপারেটিভ আরবান ব্যাঙ্ক লিমিটেড, হায়দ্রাবাদ-এর প্রতি জারিকৃত আদেশবিধি যার বৈধতার মেয়াদ ছিল ফেব্রুয়ারি 28, 2017 পর্যন্ত, পর্যালোচনার সাপেক্ষে, তা মার্চ 1, 2017 থেকে অগস্ট 31, 2017 পর্যন্ত আরও ছয় মাস কাল যাবৎ অব্যাহতভাবে প্রযুক্ত থাকবে। অধিকন্তু, ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (এএসিএস)-এর ধারা 35A-র উপধারা (1) এবং (2) তৎসহ পঠিত ধারা 56-এর অধীনে তার উপর ন্যস্ত ক্ষমতাবলে রিজার্ভ ব্যাঙ্ক এতদ্বারা নির্দেশ দিচ্ছে যে অগস্ট 24, 2016 তারিখে শ্রী ভারতী কো-অপারেটিভ আরবান ব্যাঙ্ক লিমিটেড, হায়দ্রাবাদ-এর উদ্দেশ্যে জারিকৃত প্রাপ্ত আদেশবিধির অনুচ্ছেদ 1 (i) নিম্নরূপে পরিমার্জিত হল:

“প্রতিটি সেভিংস ব্যাঙ্ক অ্যাকাউন্ট বা কারেন্ট অ্যাকাউন্ট বা মেয়াদী আমানত অ্যাকাউন্ট অথবা অন্য যেকোনও আমানত অ্যাকাউন্ট (তাকে যে নামেই ডাকা হোক) থেকে অনধিক ₹ 50,000/- (পঞ্চাশ হাজার টাকা মাত্র) মূল্যের কোনও রাশি প্রত্যাহার করতে আমানতকারীকে অনুমতি দেওয়া যাবে, এই শর্তে যে ঐ আমানতকারীর ব্যাঙ্কের প্রতি কোনও উপায়ে দায়বদ্ধতা থাকলে, অর্থাৎ হয় ঋণগ্রহীতা হিসাবে অথবা সিয়োরিটি হিসাবে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে ব্যাঙ্ক আমানতের ভিত্তিতে প্রদত্ত ঋণসমূহও, সেক্ষেত্রে রাশিটি থেকে অনুরূপ দায়বদ্ধতার পরিমাণগত রাশী প্রথমে সংশ্লিষ্ট ঋণ অ্যাকাউন্ট/গুলি-তে বকেয়া রাশির পরিশোধের কাজে ব্যবহার করতে হবে। আমানতকারীগণকে যে রাশি প্রদান করতে হবে সেটিকে পৃথকভাবে একটি এসক্রো অ্যাকাউন্ট এবং/অথবা চিহ্নিত (ইয়ারমার্কড) সিকুরিটি খাতে রাখতে হবে যেগুলি সংশোধিত নির্দেশাবলী অনুসারে ব্যাঙ্ক কর্তৃক কেবলমাত্র আমানতকারীদের রাশি প্রদানের জন্য সদ্যব্যবহার করতে হবে।”

ব্যাঙ্ক নিম্নলিখিত বিষয়গুলির জন্য অনুমতিপ্রাপ্ত :-

- নির্দেশকের (ডিরেক্টর) সাথে সম্পর্কিত ঋণ, যদি কিছু থাকে, সেগুলি ব্যতীত স্ট্যান্ডার্ড এবং সিকিয়ারড সিসি অ্যাকাউন্টগুলির নবীকরণ
- যদি ঋণগ্রহীতার সাথে ঋণ সম্মতিসনদের (লোন এগ্রিমেন্ট) বিধি ও শর্তাদিতে সেরকম উল্লেখ থাকে যে তাঁর নির্দিষ্ট আমানত অ্যাকাউন্ট (তাকে যে নামেই ডাকা হোক) থেকে রাশি তাঁর ঋণ অ্যাকাউন্টে বকেয়া রাশি পরিশোধের জন্য যথাযথভাবে স্থানান্তরণ /তৎসংক্রান্ত সামঞ্জস্যক্রিয়া সম্পাদন করা যাবে, তবে ব্যাংক আমানত রাশির ভিত্তিতে ঋণ রাশির পরিশোধ ক্রিয়া সম্পাদন করতে অনুমতিপ্রাপ্ত; তবে ঋণ অ্যাকাউন্টে এরূপে বকেয়া রাশির পরিমাণ অবধি যথাযথ স্থানান্তরণ / সামঞ্জস্যক্রিয়া সম্পাদন অনুমোদিত হবে নিম্নলিখিত অতিরিক্ত শর্তগুলির সাপেক্ষে
 - সামঞ্জস্যক্রিয়া সম্পাদনের তারিখে অ্যাকাউন্টটিকে কেওয়াইসি নীতি অনুপালিত হতে হবে।
 - তৃতীয় পক্ষের অধীনে থাকা আমানতরাশি যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে কিন্তু গ্যারান্টর/সিয়োরিটির প্রতি সীমিত থাকবে না, সেই রাশির স্থানান্তরণ / সামঞ্জস্যক্রিয়া সম্পাদনের অনুমতি নেই।
 - এই সুযোগটিকে প্রয়োগ করা যাবে আমানতকারীকে যথোপযুক্ত নোটিশ প্রেরণ করে/ তার সম্মতির সাপেক্ষে, সাধারণতঃ সেই সমস্ত ক্ষেত্রগুলিতে যেখানে স্থানান্তরণ/সামঞ্জস্যসাধন মারফত পরিশোধক্রিয়া সম্পাদনে অধিকতর বিলম্ব হলে ঋণরাশিটি অনুৎপাদক সম্পদে (এন পি এ) পরিণত করতে পারে। স্ট্যান্ডার্ড ঋণরাশির সামঞ্জস্যসাধন মারফত পরিশোধক্রিয়া সম্পাদন করতে (যেগুলিতে নিয়মিতভাবে প্রয়োজনীয় কাজকর্ম- পরিশোধাদান করা হয়ে থাকে) তথা ঋণ সম্মতিসনদের বিধি ও শর্তাদির থেকে কোনও প্রকার অপসারণ ঘটলে আমানতকারী-ঋণগ্রহীতার আগাম লিখিত সম্মতির প্রয়োজন হবে।

d) আমানত বা সেটির ভিত্তিতে সামঞ্জস্যসাধন মারফত পরিশোধক্রিয়া সম্পাদন কোনও বিধিনিষেধের শর্তাধীন হবে না যেমন আইনি আদালত বা সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ অথবা আইনের মাধ্যমে ক্ষমতাপ্রাপ্ত অন্য কর্তৃপক্ষ দ্বারা জারিকৃত অ্যাটাচমেন্ট অর্ডার/ প্রহিবিটরি অর্ডার, আরনেস্ট মানি ডিপোজিট, ট্রাস্টের বাধ্যবাধকতা, তৃতীয় পার্সনিক লিয়েন- যা সেট কো-অপারেটিভ সোসাইটিজ অ্যাক্ট ইত্যাদির বিধানের অধীনে জারি করা হয়েছে।

অন্যান্য বিধি ও শর্তাদি যা দ্রষ্টব্য অগস্ট 24, 2016 তারিখাঙ্কিত আদেশবিধির মাধ্যমে জানানো হয়েছিল সেগুলি সব অপরিবর্তিত থাকবে।

বিশেষ নিয়ন্ত্রণবিধিটি বিশদে আগ্রহী জনসাধারণের অবগতির জন্য ব্যাঙ্কের চত্বরসমূহে প্রদর্শিত আছে।

প্রেস প্রকাশনি : 2016-2017/2338

অজিত প্রসাদ
সহায়ক উপদেষ্টা